



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৩.১৯.১০১

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৬

২৫ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: সাভার মডেল কলেজের অধ্যক্ষ কর্তৃক বিধি বহির্ভূতভাবে বেতন ভাতা(কলেজ অংশ) বন্ধ করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাভার মডেল কলেজের জনাব মোহাম্মদ হোসেন, প্রভাষক(দর্শন) অভিযোগ করেন যে, তিনি এমপিওভুক্ত শিক্ষক। তার কলেজের অধ্যক্ষ সম্পূর্ণ বিধিবহির্ভূতভাবে মার্চ/১৮ মাস থেকে কলেজের বেতন ভাতা বন্ধ করে রেখেছেন। বেতন ভাতা বন্ধের বিষয়ে কলেজের অধ্যক্ষ লিখিতভাবে কোন কিছু অবহিত করেননি। বেতন ভাতা বন্ধ রাখায় তিনি একাডেমিক, আর্থিক, মানসিক, সামাজিকসহ অন্যান্যভাবে নিগৃহীত হচ্ছেন। বেতন ভাতা প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাউশিতে আবেদন করেন।

এমতাবস্থায়, জনাব মোহাম্মদ হোসেন, প্রভাষক(দর্শন) এর বেতন ভাতা কলেজের অংশ কেন বন্ধ রাখা হয়েছে এ বিষয়ে ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-২-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

অধ্যক্ষ, সাভার মডেল কলেজ, সাভার, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৩.১৯.১০১/১(২)

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৬

২৫ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব মোহাম্মদ হোসেন, প্রভাষক(দর্শন), সাভার মডেল কলেজ, সাভার, ঢাকা
- ২) জনাব.....।

২৫-২-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক